

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২০৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. দ্বিতীয় অনুচ্ছেদ - রাতের সালাত

### আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَصْبَحَ بِآيَةٍ وَالْآيَةُ: (إِنْ تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ فَإِنَّهُمْ فَإِنَّكُ أَنْت الْعَزِيز الْحَكِيم) رَوَاهُ النَّسَائِيِّ وَابْن مَاجَه

#### বাংলা

১২০৫-[১৮] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (এক রাত্রে) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাহাজ্জুদের সালাতে ভারে পর্যন্ত দাঁড়িয়ে একটি মাত্র আয়াত পড়তে থাকলেন, আয়াতটি এই ''ইন তু'আয়্যিব হুম ফায়িন্নাহুম 'ইবা-দুকা ওয়া ইন তাগফির লাহুম ফায়িন্নাকা আন্তাল 'আয়াযুল হাকীম'' অর্থাৎ ''হে আল্লাহ! যদি তুমি তাদেরকে আযাব দাও তাহলে তারা তোমার বান্দা। আর যদি তুমি তাদেরকে মাফ করো, তাহলে তুমি সবচেয়ে শক্তিশালী ও প্রজ্ঞাময়''- (সূরাহ্ আল মায়িদাহ্ ৫: ১১৮)। (নাসায়ী, ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান: নাসায়ী ১০১০, ইবনু মাজাহ্ ১৩৫০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَتَّى أَصْبَحَ بِايَةٍ) এক আয়াত পাঠ করেই ভোরে উপনীত হলেন। অর্থাৎ সালাতের শুরু থেকে শেষ পর্যন্ত বার বার একটি আয়াতই পাঠ করলেন এবং একের পর এক তার অর্থ সম্পর্কে চিন্তা ফিকির করলেন।

শিক্ষণীয় দিক হল, সালাতে একই আয়াত বার বার পাঠ করা বৈধ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন